# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: কৌশলপত্র বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: ইফতেখার আহমেদ চৌধুরী
প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

সভার স্থান: প্রধান নির্বাহী কর্মকর্তার সম্মেলন কক্ষ, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

তারিখ: ২২ এপ্রিল ২০২৪ খ্রি.

সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন ও জাইকার কারিগরি সহায়তায় পরিচালিত ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফর সিটি কর্পোরেশন প্রকল্পের আওতায় কৌশলপত্র বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন তুলে ধরার জন্য কমিটির সদস্য সচিবকে আহবান জানান। কৌশলপত্র বাস্তবায়ন কমিটির সভার সদস্য সচিব নিম্নোক্তভাবে সূচক অনুযায়ী কৌশলপত্র বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন:

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **কৌশলপত্রের মধ্য মেয়াদি কর্ম-পরিকল্পনা প্রস্তুত:**<br>কৌশলপত্র বাস্তবায়ন কমিটি কর্তৃক সিটি কর্পোরেশনের জন্য কৌশলপত্রের মধ্য মেয়াদি কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ফরওয়ার্ডিং সহ প্রণয়নকৃত কৌশলপত্রের মধ্য মেয়াদি কর্ম-পরিকল্পনা সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)/আইটি কনসালটেন্ট |
| ২. | **সিটি কর্পোরেশন কর্তৃক প্রবিধান বা উপ-আইন প্রণয়ন:**<br>সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক সিলেট সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি মডেল প্রবিধান, ২০২৪ এবং সিলেট সিটি কর্পোরেশন (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) মডেল প্রবিধান, ২০২৪ প্রণয়ন করা হয়েছে। প্রণীত দু'টি প্রবিধান বা উপ-আইন এর উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিলেট সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি মডেল প্রবিধান, ২০২৪ এবং সিলেট সিটি কর্পোরেশন (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) মডেল প্রবিধান, ২০২৪ এর যাচাই-বাছাই ও গেজেট আকারে প্রকাশের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | সচিব, সিলেট সিটি কর্পোরেশন |
| ৩. | **প্যানেল মেয়র নির্বাচন:**<br>সিটি কর্পোরেশনের নতুন পরিষদ গঠিত হওয়ার পর ১ম সভার এক মাসের মধ্যে তিন সদস্যের মেয়রের প্যানেল নির্বাচন করার আইনগত বাধ্য বাধকতা রয়েছে। গত ০৪-১২-২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় নির্ধারিত বিধি বিধান ও পদ্ধতি অনুসরণপূর্বক তিন সদস্যের মেয়রের প্যানেল নির্বাচন করা হয়েছে। | ফরওয়ার্ডিং সহ গত ০৪-১২-২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী সিলেট সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ৪. | **সিটিজেন চার্টার হালনাগাদকরণ:**<br>সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক সাধারণ জনগণকে যেসকল সেবা প্রদান করা হয়, সে সকল সেবা প্রাপ্তির বিষয়ে কী কী প্রয়োজনীয় ডকুমেন্ট লাগবে তা বিস্তারিত উল্লেখপূর্বক সিটিজেন চার্টার হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতি তিন মাস অন্তর অন্তর সিটিজেন চার্টার হালনাগাদ করার বিষয়ে এবং অনলাইন ভার্সন হালনাগাদ নাগরিক সনদ প্রকাশ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অনলাইন ভার্সনসহ সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সিটিজেন চার্টার সিলেট সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)/প্রশাসনিক কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ৫. | **বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ:**<br>সিটি কর্পোরেশন আইন অনুযায়ী প্রতি অর্থ বছরের | (ক) গত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন সিলেট সিটি | বিভাগীয় প্রধান (সকল)/প্রশাসনিক |

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সেপ্টেম্বর মাসে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করার বিধান রয়েছে। গত অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। চলতি অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রণয়নের অগ্রগতি নিয়ে সভায় করা হয়। | কর্পোরেশন এর ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত ও প্রকাশ করতে হবে। | কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ৬. | **বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডকরণ:**<br>নির্ধারিত সময়ের মধ্যে গত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত, প্রকাশ ও সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ফরওয়ার্ডিং সহ গত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন সিলেট সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | আইটি কনসালটেন্ট |
| ৭. | **উন্নয়ন সংক্রান্ত ক্রমপুঞ্জিত অর্জন:**<br>গত ২০২২-২৩ অর্থ বছরে সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উন্নয়নের সামগ্রিক চিত্র সম্পর্কে সভায় আলোচনা করা হয়। প্রদত্ত সারণীতে কমপক্ষে ৫টি বিষয়/আইটেম সম্পর্কে সম্পূর্ণ তথ্য প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়েছে। | উন্নয়ন সংক্রান্ত ক্রমপুঞ্জিত অর্জন সম্পর্কিত প্রদত্ত সারণীতে কমপক্ষে ৫টি বিষয়/আইটেম সম্পর্কে সম্পূর্ণ তথ্য প্রদান করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)/প্রশাসনিক কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ৮. | **পরিষেবা প্রদান:**<br>সিটি কর্পোরেশন বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের প্রদত্ত ফরম্যাট অনুযায়ী বর্জ্য ব্যবস্থাপনাসহ পরিষেবা প্রদান, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কমপক্ষে ৫টি সূচক সম্পর্কে সম্পূর্ণ তথ্য প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বর্জ্য ব্যবস্থাপনাসহ পরিষেবা প্রদান, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কমপক্ষে ৫টি সূচক সম্পর্কে সম্পূর্ণ তথ্য প্রদান করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৯. | **আয়োজিত সাধারণ সভা:**<br>সিটি কর্পোরেশন আইন অনুযায়ী গত ২০২২-২৩ অর্থ বছরে কর্পোরেশন কর্তৃক আয়োজিত সাধারণ সভার সংখ্যা বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | গত ২০২২-২৩ অর্থ বছরে কর্পোরেশন কর্তৃক আয়োজিত সাধারণ সভার সংখ্যা বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং প্রমানক হিসেবে কার্যবিবরণী প্রদান করতে হবে। | সচিব/প্রশাসনিক কর্মকর্তা |
| ১০. | **স্থায়ী কমিটিসমূহের সক্রিয় থাকার মাত্রা:**<br>সিটি কর্পোরেশনের গঠিত স্থায়ী কমিটিসমূহের মধ্যে কয়টি স্থায়ী কমিটি গত অর্থবছরে কমপক্ষে দু'বার সভার আয়োজন করেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া, এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | গত ২০২২-২৩ অর্থ বছরে গঠিত স্থায়ী কমিটিসমূহের মধ্যে কয়টি স্থায়ী কমিটি গত অর্থবছরে কমপক্ষে দু'বার সভার আয়োজন করেছে তার তথ্যাদি বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং প্রমানক হিসেবে কার্যবিবরণী প্রদান করতে হবে। | সচিব/প্রশাসনিক কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) |
| ১১. | **সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি:**<br>সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি) গঠিত হয়েছে এবং গত ২০২২-২৩ অর্থ বছরে অনুষ্ঠিত সভার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। | সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি) অফিস আদেশ ও সভার কার্যবিবরণী সিলেট সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)/প্রশাসনিক কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১২. | **ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি:** | (ক) সিলেট সিটি কর্পোরেশনের ৪২টি | বিভাগীয় প্রধান |

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সিলেট সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ড কর্তৃক ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ১২টি ওয়ার্ড হতে এখনও ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) গঠন আদেশ পাওয়া যায়নি মর্মে সভায় উল্লেখ করা হয়। | ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) গঠনের অফিস আদেশ ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) যে সকল ওয়ার্ডে এখনও ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) গঠিত হয়নি তাদেরকে আগামী ৩ কার্যদিবসের মধ্যে কমিটি গঠনপূর্বক তথ্য দিতে হবে। | (সকল)/প্রশাসনিক কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট/ ওয়ার্ড সচিব |
| ১৩. | **বাজেট প্রণয়ন:**<br>বিএসিএস ভিত্তিক অভিন্ন বাজেট ফরম ব্যবহার করে বিবেচ্য অর্থ বছরের বাজেট প্রস্তুত করা হয়েছে মর্মে হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেছেন। | সরকার কর্তৃক প্রণীত অভিন্ন বাজেট ফরম ব্যবহার করে প্রস্তুতকৃত বাজেট সিলেট সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১৪. | **চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট আপলোডকরণ:**<br>চলতি ২০২৩-২৪ অর্থ বছরে প্রস্তুতকৃত বাজেট সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেছেন। | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বাজেট সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১৫. | **সিএলসিসি'র সভায় বাজেট বিষয়ক আলোচনা:**<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (সিএলসিসি) সভায় চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট নিয়ে আলোচনা করা হয়েছে মর্মে হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেছেন। | সংশ্লিষ্ট সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভার কার্যবিবরণী সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১৬. | **বার্ষিক ক্রয় পরিকল্পনা আপলোডকরণ:**<br>সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, অনুমোদন ও সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১৭. | **বার্ষিক হিসাব বিবরণী প্রেরণ:**<br>সিটি কর্পোরেশন আইন অনুযায়ী প্রতি ডিসেম্বর মাসের শেষে গত অর্থ বছরের বার্ষিক হিসাব বিবরণী প্রণয়ন, অনুমোদন ও মন্ত্রণালয়ে প্রেরণের বিধান রয়েছে। উক্ত বার্ষিক হিসাব বিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক হিসাব বিবরণী প্রণয়ন ও অনুমোদনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। উক্ত বার্ষিক হিসাব বিবরণী সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১৮. | **হোল্ডিং ট্যাক্সের বকেয়ার পরিমাণ নির্ধারণ:** অর্থ বছরের শুরুতে বর্তমান চাহিদার তুলনায় হোল্ডিং ট্যাক্সের বকেয়ার পরিমাণ নির্ধারণ এবং হোল্ডিং ট্যাক্স আদায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রধান রাজস্ব কর্মকর্তা হোল্ডিং ট্যাক্স আদায়ের কার্যক্রম জোরদার করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | গত অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের বকেয়ার পরিমাণ ও চলতি অর্থ বছরে চাহিদা নিরূপন করে সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ১৯. | **হোল্ডিং ট্যাক্স আদায়ের হার:**<br>গত অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের বকেয়ার পরিমাণ ও চলতি অর্থ বছরে চাহিদা নিরূপনপূর্বক চলতি অর্থ বছরে | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে প্রদত্ত তথ্য মোতাবেক হোল্ডিং ট্যাক্স আদায়ের হার জোরদার করতে হবে এবং সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড | প্রধান রাজস্ব কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | হোল্ডিং ট্যাক্স আদায়ের হার জোরদারকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এটি প্রাতিষ্ঠানিক দক্ষতা হিসাবেও বিবেচিত হয়। | করতে হবে। | |
| ২০. | **হোল্ডিং ট্যাক্স আদায়ের তথ্যাদি:** গত অর্থ বছরের জন্য প্রতিটি ওয়ার্ডের (চলতি ও বকেয়া) হোল্ডিং ট্যাক্স আদায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে প্রদত্ত তথ্যাদি সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা/ আইটি কনসালটেন্ট |
| ২১. | **প্রশিক্ষণ:** সিটি কর্পোরেশন গত ২০২২-২৩ অর্থ বছরে আয়োজিত বিষয়ে সভায় আলোচনা করা হয়েছে। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি উল্লেখ করা হয়েছে। | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে প্রদত্ত প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রধান প্রকৌশলী/ সচিব/আইটি কনসালটেন্ট |
| ২২. | **বার্ষিক প্রশিক্ষণ কর্ম পরিকল্পনা প্রণয়ন:** চলতি ২০২৩-২৪ অর্থ বছরে সিলেট সিটি কর্পোরেশন কর্মকর্তা কর্মচারীদেরকে কী কী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করে একটি বার্ষিক প্রশিক্ষণ কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। | চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক প্রশিক্ষণ কর্ম পরিকল্পনা সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রধান প্রকৌশলী/ সচিব/আইটি কনসালটেন্ট |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের আহ্বান জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/৪/২০২৪

(মো: ইফতেখার আহমেদ চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ও
আহবায়ক
কৌশলপত্র বাস্তবায়ন কমিটি
সিলেট সিটি কর্পোরেশন

কৌশলপত্র বাস্তবায়ন কমিটির সভা, সিলেট সিটি কর্পোরেশন

ভেন্যুঃ প্রধান নির্বাহী কর্মকর্তার কনফারেন্স রোম ৩য় তলা, সময়: সকাল ১১.০০ ঘটিকা, তারিখঃ ২২-০৪-২০২৪ইং

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী | প্রধান নির্বাহী কর্মকর্তা | 22/4/2024 |
| ২। | মো: আশিক নূর | সচিব | 22/4/24 |
| ৩। | | | |
| ৪। | Md Monshaj Nasif | Assistant Programmer | 22/04/24 |
| ৫। | Md Sadat Hussein Khan | IT Consultant | 22-4-24 |
| ৬। | Md. Hanifur Rahman | AO (Admin) | 22/4/24 |
| ৭। | A.N.M. Monsuf | A.O (Acct) | 22/04/24 |
| ৮। | Lt Col (R) Mohammad Aklem Abden | CWMO | |
| ৯। | মো: রুহুল আলম | XEN (E) | 22/04/24 |
| ১০। | মো: মতিউর রহমান | CRO | 22.04.24 |
| ১১। | মো: ওবায়দুর রহমান চৌধুরী | OP | 22.04.2024 |
| ১২। | Nowrin Chowdhury | Architect | 22/04.24 |
| ১৩। | SHAJLU LASKAR | PRO.SCC | 22/04/2024 |
| ১৪। | Joydeb Biswas | AE, SCC | 22/04/2024 |
| ১৫। | Md. Jakir Mia | Assistant Programmer | 22.04.24 |

## কৌশলপত্র বাস্তবায়ন কমিটির সভা, সিলেট সিটি কর্পোরেশন

ভেন্যুঃ প্রধান নির্বাহী কর্মকর্তার কনফারেন্স রোম ৩য় তলা, সময়: সকাল ১১.০০ ঘটিকা, তারিখঃ ২২-০৪-২০২৪ইং

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | [illegible] | JICA C4C2 | |
| ১৭ | ডা: মো: জাহিদুল ইসলাম | C.H.O | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |